**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
www.bb.org.bd

মাঘ ১২, ১৪২৪
এফই সার্কুলার নং ০২ তারিখঃ ------------------
জানুয়ারি ২৫, ২০১৮

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল
অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

**টিটিসহ অন্যান্য মাধ্যমে পেমেন্ট হলে নতুন বাজার সম্প্রসারণ প্রণোদনা**
**(New Market Exploration Assistance) প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২২, তারিখ নভেম্বর ২০, ২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টিটি এর মাধ্যমে প্রাপ্ত অগ্রিম রপ্তানি মূল্যের বিপরীতে নগদ সহায়তা প্রাপ্যতার ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারটির (ঘ) উপ-অনুচ্ছেদ নিম্নোক্তভাবে সংশোধন করা হলো ঃ

‘‘(ঘ) যে দেশে পণ্য রপ্তানি করা হবে সে দেশ থেকে সংশ্লিষ্ট রপ্তানি মূল্য প্রত্যাবাসনের পাশাপাশি ভিন্ন দেশ থেকে রপ্তানি মূল্য প্রত্যাবাসিত হলেও নতুন বাজার সম্প্রসারণ সুবিধা প্রদেয় হবে। তবে সেক্ষেত্রে রপ্তানি আদেশ প্রদানকারী এবং রপ্তানি পণ্যের গন্তব্যস্থ আমদানিকারক/রপ্তানি মূল্য প্রেরণকারী এর ব্যবসায়িক সম্পর্কের বিষয়ে নিশ্চিত হতে হবে।’’

০২। এ সার্কুলার জারীর তারিখ হতে জাহাজীকৃত পণ্যের বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে এ নির্দেশনা কার্যকরী হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯